

MEMORY

(स्मृति)

Education Honours (Semester – II)

Course Type : CC-3

Unit- 3

Sub Unit- 3.4

&

Education General (Semester – II)

Course Type : CC-2 / GE -2

Unit – 3

Sub Unit- 3.4

by
Patit Paul
Assistant Professor
Dept. of Education
Azad Hind Fouz Smriti Mahavidyalaya
Domjur, Howrah
patitpaul.gentle@gmail.com

শিখন উদ্দেশ্য : স্মৃতি সম্পর্কে ধারণা লাভ

অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দিতে সক্ষম হবে :

স্মৃতির সংজ্ঞা দাও।

সাধারণ অর্থে স্মৃতিকে আমরা গুণবাচক বিশেষ্য হিসাবে ব্যবহার করে থাকি। কিন্তু মনোবিদ্যায় স্মৃতি বলতে কোনো গুণকে বোঝায় না, স্মৃতি বলতে স্মরণ ক্রিয়াকে বোঝায়। যেসব অভিজ্ঞতা বা ধারণা এখন চেতন মনে নেই অথচ পূর্বে ছিল সেই সব অভিজ্ঞতা বা ধারণাকে চেতনায় নিয়ে আসাই হল স্মৃতি।

স্মরণ প্রক্রিয়া সম্পর্কে সর্বপ্রথম বৈজ্ঞানিক আলোচনার সূত্রপাত করেন মনোবিদ Hermann Ebbinghaus। তাঁর লেখা 'Memory : A Contribution To Experimental Psychology' (1885) বইটিতে তিনি স্মৃতি সম্পর্কে নানা ব্যাখ্যা দিয়েছেন।



Hermann Ebbinghaus

MEMORY

A
CONTRIBUTION
TO
EXPERIMENTAL
PSYCHOLOGY

HERMANN
EBBINGHAUS



মনোবিদ Hermann Ebbinghaus এবং তাঁর লেখা বই
'Memory : A Contribution To Experimental Psychology'

স্মৃতির সংজ্ঞা দিতে গিয়ে মনোবিদ উডওয়ার্থ (Woodworth) বলেছেন - যে প্রক্রিয়ার দ্বারা আমরা পূর্বে শেখা কোনো কাজকে পরবর্তীকালে একই ভাবে সম্পাদন করতে পারি তাই হল স্মৃতি।

মনোবিদ স্টাউট (Stout) এর মতে, পূর্ব অভিজ্ঞতার সঙ্গে পরিপূর্ণ সামঞ্জস্য রেখে আদর্শগতভাবে তাকে পুনরুদ্ধার করাই হল স্মৃতি।

আধুনিক মনোবিদগণ 'স্মৃতি' শব্দটি ব্যবহারের পক্ষপাতী নন। তাঁরা স্মৃতিকে শিখন প্রক্রিয়ার অংশ হিসাবে বিবেচনা করেন। মনোবিদ টেলফোর্ড (Telford) বলেন, শিখন আচরণের পরিবর্তন ঘটায়, আর সেই পরিবর্তনকে স্মৃতির সাহায্যে ধরে রাখা হয়।

আবার মনোবিদ ক্লাউজমিয়ার (Klausmeir) স্মৃতিকে সংরক্ষণ (Retention), প্রত্যভিজ্ঞা (Recognition), এবং পুনরুদ্ধার (Recall) এই তিন ধরনের প্রক্রিয়ার সমবায় বলে ব্যাখ্যা করেছেন।

মনোবিদ্ রস (Ross) - এর মতে অভিজ্ঞতার সঞ্চয়ন, সংরক্ষণ ও পুনরুদ্ধার
যে জটিল মানসিক প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হয় তাকে স্মৃতি বলে।

শিক্ষার্থীদের কাজ :

স্মৃতির সংজ্ঞা দাও।